



জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর।

স্মারক নং : (০-৫)/জাতীয়বি/পনি/অফিস আদেশ/২০১২/০৩/১৮৮৫


তারিখ : ০৫/০১/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

**তৃতীয় বর্ষ সম্মান পরীক্ষার সময়সূচি পুনঃনির্ধারণ
ক্র্যাশ প্রোগ্রাম বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ সালের তৃতীয় বর্ষ সম্মান শ্রেণীর পরীক্ষার্থীদের আবেদনের পরিশ্রেণীতে তাদের পরীক্ষার পূর্ব-ঘোষিত সময়সূচী পুনঃনির্ধারণ করে তা এখন আগামী ০৩-০২-২০১৬ তারিখ থেকে শুরু সিদ্ধান্ত নেয়া হয়েছে। পুনঃনির্ধারিত সময়সূচী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.edu.bd) পাওয়া যাবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের সেশন জট থেকে মুক্ত করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পূর্বেই ২০১৮ সাল পর্যন্ত অনূষ্ঠিতব্য সকল পরীক্ষার সম্মান সময়সূচী উল্লেখ করে একটি ক্র্যাশ প্রোগ্রাম ঘোষনা করে। সে অনুযায়ী ২০১৪ সালের অনার্স ৩য় বর্ষের শিক্ষার্থীদের ক্লাস শুরু, পরীক্ষার ফরম পূরণ, পরীক্ষা শুরু, ফল প্রকাশ ইত্যাদি তাদের ক্লাস শুরুর আগেই জানিয়ে দেয়া হয়। বিগত এক বছরে বিভিন্ন পরীক্ষা গ্রহণ এবং পরীক্ষার ফল নির্ধারিত সময়ে প্রকাশও করা হয়েছে। সেশন জট নিরসনের লক্ষ্যে ক্র্যাশ প্রোগ্রাম এমনভাবে বিন্যস্ত করা হয়েছে যে, এতে হেরফের ঘটানোর কার্যত কোনো অবকাশ নেই। ক্র্যাশ প্রোগ্রামে বর্ণিত সময়সূচি অনুযায়ী পরীক্ষাসমূহ অনুষ্ঠান ও ফল প্রকাশ না হলে, সেশন জট থেকে উত্তর কিছুতেই সম্ভব নয়। শিক্ষার্থীদের এটি অনুধাবন করতে হবে। তদ্রূপ সুযোগ না থাকা সত্ত্বেও ৩য় বর্ষের পরীক্ষার্থীদের দাবি বিবেচনা করে যতটুকু সম্ভব সে অনুযায়ী তাদের পরীক্ষার সময়সূচি পুনঃনির্ধারণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়কে ঘোষিত ক্র্যাশ প্রোগ্রাম অনুযায়ী পরবর্তী সকল পরীক্ষা যথাসময়ে গ্রহণ করতে হবে। অতএব অন্যান্য সকল বর্ষের শিক্ষার্থী ও শিক্ষকদের এর প্রতি দৃষ্টি আকর্ষণ করে ঘোষিত ক্র্যাশ প্রোগ্রাম অনুযায়ী যথাসময় সকল পরীক্ষার জন্য পূর্ব থেকেই প্রস্তুতি গ্রহণের জন্য বলা হলো।

২০১৮ সালের মধ্যভাগ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল পর্যায়ের শিক্ষার্থীদের সেশন জট থেকে মুক্ত করার লক্ষ্য নিয়ে বিশ্ববিদ্যালয় যে ক্র্যাশ প্রোগ্রাম ইতোপূর্বে ঘোষনা করেছে, তা বাস্তবায়নে ছাত্র, শিক্ষক, অভিভাবক তথা সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কর্তৃপক্ষ কামনা করছে।



(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনঃ ৯২৯১০১৭, ফ্যাক্সঃ ৯২৯১০৪৪

ই-মেইলঃ controller@nu.edu.bd